

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
Website: [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)

২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত চূড়ান্ত সভার কার্যবিবরণী:

সভাপতি	:	জনাব মোঃ আব্দুস সবুর মন্ডল পিএএ পরিচালক (প্রশাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
সভার তারিখ ও সময়	:	০৯ মার্চ, ২০২২, বিকাল ০৪.৩০ ঘটিকা।
সভার স্থান	:	প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ (লেভেল-২)।
উপস্থিতির বিবরণ	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি সভার প্রারম্ভে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। অতঃপর সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের উপর গুরুত্বারোপ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) সুরক্ষা সেবা বিভাগের ০১ মার্চ ২০২২ তারিখের ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০৬.১৭.৭৩ সংখ্যক পত্র, তৎসংযুক্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে ১৭ জানুয়ারি, ২০২২ তারিখ ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষে আন্তঃ মন্ত্রণালয় সভার কার্যবিবরণী অধ্যাকার সভায় পাঠ করে শুনান।

০২। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অধিদপ্তর সংশ্লিষ্ট নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

ক্র:	তারিখ/সময়	খসড়া কর্মসূচি	সিদ্ধান্ত	অধিদপ্তরের বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২৫-০৩-২০২২ (রাত ০৯.০০ থেকে ০৯.০১ মিনিট পর্যন্ত)	২৫ মার্চ ২০২২ তারিখ রাত ০৯.০০ থেকে ০৯.০১ মিনিট পর্যন্ত ০১ (এক) মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাকআউট;	২৫ মার্চ ২০২২ তারিখ রাত ০৯.০০টা থেকে ০৯.০১ মিনিট পর্যন্ত ০১ (এক) মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাকআউট পালন করা হবে। অধিদপ্তরে ব্ল্যাকআউট নিশ্চিত করা ও পূর্ব প্রস্তুতিসহ দায়িত্ব পালন করবেন সহকারী পরিচালক (কমন সার্ভিস)। নিশ্চিত করতে হবে যে, বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হওয়ার পর জেনারেটর বা অন্য কোন আলোর উৎস জ্বলে না উঠে বা ব্যবহার করা না হয়।	পরিচালক (সকল)/অতিরিক্ত পরিচালক(সকল)/উপপরিচালক/সহকারী পরিচালক (সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২	২৬-০৩-২০২২ (সূর্যোদয়ের সাথে সাথে) ২৬-০৩-২০২২ (বিধি মোতাবেক নামাতে হবে)	ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ত্রৈদিন সূর্যোদয়ের সাথে সাথে)।	২৬ মার্চ ২০২২ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ অধীনস্থ সকল অফিসে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। এ ক্ষেত্রে বাংলাদেশ পতাকা বিধিমালা, ১৯৭২ অনুসরণ করতে হবে। জাতীয় পতাকার মাপ ও রং যথাযথ হতে হবে। কোনভাবেই ছেড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার করা যাবে না।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়।

	(কোনক্রমেই ২৫-০৩-২০২২ তারিখ আলোকসজ্জা করা যাবে না। ২৬-০৩-২০২২ সন্ধ্যা থেকে আলোকসজ্জা করা যাবে)	খ) ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বাংলাদেশের বৃহদাকারের পতাকা উত্তোলন। (ত্রিদিন সূর্যোদয়ের সাথে সাথে)।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ অধীনস্থ সকল অফিসে ড্রপডাউন ব্যানার প্রদর্শন করতে হবে। এক্ষেত্রে প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে যে ড্রপডাউন ব্যানার ব্যবহার করা হবে তার নমুনা সহকারী পরিচালক (কমন সার্ভিস) সরবরাহ করবেন।	সহকারী পরিচালক (কমন সার্ভিস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
		গ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর প্রতিকৃতিতে ২৬ মার্চ ২০২২ তারিখে সূর্যোদয়ের সাথে সাথে পুষ্পস্তবক অর্পণ।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা সাপেক্ষে ২৬ মার্চ ২০২২ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের প্রয়োজনীয় ব্যবস্থা গৃহিত হবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়।
		ঘ) গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা।	২৬ মার্চ ২০২২ তারিখ সন্ধ্যার পর হতে ২৭ মার্চ, ২০২২ তারিখ বিকাল পর্যন্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ অধীনস্থ সকল অফিসে আলোকসজ্জা করতে হবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়।
৩	২৬-০৩-২০২২	দেশের হাসপাতাল, জেলখানা, বৃদ্ধাশ্রম, এতিমখানা, ডে কেয়ার ও শিশু বিকাশ কেন্দ্র এবং শিশু পরিবার ও ভবঘুরে প্রতিষ্ঠানসমূহে উন্নতমানের খাবার সরবরাহ।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অধীন কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসহ সকল সরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে।	পরিচালক (চিকিৎসা পুনর্বাসন)/ চীফ কনসালটেন্ট/ সিনিয়র কনসালটেন্ট/ মেডিকেল অফিসার।
বিবিধ সিদ্ধান্ত:		ক) স্বাধীনতা ও জাতীয় দিবসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ আওতাধীন সকল কার্যালয় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়।	
		খ) জাতীয় কর্মসূচি ও মন্ত্রণালয়ের কর্মসূচি না থাকলে স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে (লেভেল-৭) এ অধিদপ্তরের ঢাকাস্থ কার্যালয়সমূহের সমন্বয়ে আগামী ২৬ মার্চ, ২০২২ তারিখ সকাল ১১.০০টায় আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে। মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ স্থানীয় জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়।	
		গ) কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসহ সকল সরকারী বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে চিকিৎসারত মাদকাসক্ত রোগীদের মাঝে আগামী ২৬ মার্চ, ২০২২ তারিখ আকর্ষণীয় গিফট সামগ্রী (ফুল, চকলেট, হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক, টি শার্ট) বিতরণ করতে হবে। সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও বেসরকারী সকল মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা উপস্থিত হয়ে শুভেচ্ছা সামগ্রী বিতরণ করবেন। এ বিষয়টি পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)সমন্বয় করবেন।	পরিচালক (চিকিৎসা পুনর্বাসন)/চীফ কনসালটেন্ট/ অতিরিক্ত পরিচালক(সকল)/ সিনিয়র কনসালটেন্ট/উপপরিচালক/ মেডিকেল অফিসার/ সহকারী পরিচালক (সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।	

	ঘ) স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে নির্দেশনা মোতাবেক আগামী ২০ মার্চ ২০২২ তারিখের মধ্যে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ প্রদান করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)।
--	---	---

- ৩। সভাপতি বলেন যে, স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/সুরক্ষা সেবা বিভাগ থেকে নির্দেশনা পাওয়া গেলে সেটি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে পরবর্তীতে জানানো হবে।
- ৪। তিনি যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে কর্মসূচিগুলো নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করেন।
- ৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
(মোঃ আব্দুস সবুর মন্ডল পিএএ)  
মহাপরিচালক  
ফোন-৪৮৩২২১৮৫

২৯ ফাল্গুন, ১৪২৮

নং-৫৮.০২.০০০০.০০৬.০০.০১৪.১৬(খন্ড-১).৮৪১

তারিখঃ -----

১৪ মার্চ, ২০২২

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
- ২। পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ৪৪১, তেজগাঁও শি/এ, ঢাকা।
- ৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দাশাখা।
- ৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
- ৮। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। উপপরিচালক (.....), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো:কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ১০। সহকারী পরিচালক (.....), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.....।
- ১১। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৪। অফিস কপি।

  
(মোহাম্মদ মাসুদ)

উপ-পরিচালক (প্রশাসন)